

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৬৯

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১০৩৩তম কমিশন সভা।

বিএসইসি'র চেয়ারম্যান জনাব মাসুদ খান এর সভাপতিত্বে ১০৩৩তম কমিশন সভা অদ্য ১৩/১০/২০২৬ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। কমিশনের বিদ্যমান ডিরেকটিভ অনুযায়ী, তালিকাভুক্ত কোম্পানি কর্তৃক বার্ষিক বা চূড়ান্ত নগদ লভ্যাংশ ঘোষণার ক্ষেত্রে সংশ্লিষ্ট কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক ঘোষিত লভ্যাংশের সম্পূর্ণ অর্থ লভ্যাংশ বিতরণের উদ্দেশ্যে বার্ষিক সাধারণ সভার অন্তত ১ দিন পূর্বে সংরক্ষিত পৃথক ব্যাংক হিসাবে (Separate Dividend Account) স্থানান্তর এবং উক্ত অর্থ স্থানান্তরের বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংক হতে প্রত্যয়নপত্র (Bank Certificate) সংগ্রহ করার বিধান রয়েছে। প্রত্যয়নপত্রটি সংশ্লিষ্ট কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক, প্রধান অর্থ কর্মকর্তা ও কোম্পানি সচিব কর্তৃক সত্যায়িত করে বার্ষিক সাধারণ সভায় (AGM) উপস্থাপন এবং সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জসমূহে দাখিল করার বিধানও রয়েছে। কিন্তু, সম্প্রতি কিছু ক্ষেত্রে উল্লেখিত নির্দেশনার যথাযথ পরিপালনে ব্যত্যয় পরিলক্ষিত হয়েছে এবং অদ্যকার কমিশন সভায় এ সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রযোজ্য সিকিউরিটিজ আইন ও বিধিবিধান অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এছাড়া, লভ্যাংশ সংক্রান্ত প্রস্তাব বার্ষিক সাধারণ সভায় উপস্থাপনের পূর্বশর্ত হিসেবে ঘোষিত লভ্যাংশের সম্পূর্ণ অর্থ পৃথক ব্যাংক হিসাবে জমা রাখা এবং সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র সংগ্রহ ও বার্ষিক সাধারণ সভায় উহা উপস্থাপন না করে লভ্যাংশ সংক্রান্ত কোনো প্রস্তাব বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা যাবে না মর্মে বিদ্যমান নির্দেশনায় প্রয়োজনীয় সংশোধনী আনার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। করপোরেট গভর্ন্যান্স কোড, ২০১৮ এবং এর পরবর্তী সংশোধনীসমূহের আওতায় তালিকাভুক্ত কোম্পানিসমূহে স্বতন্ত্র পরিচালক নিয়োগ ও পুনঃনিয়োগ প্রক্রিয়া সহজীকরণ এবং প্রশাসনিক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে বিদ্যমান স্বতন্ত্র পরিচালকের পুনঃনিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক হতে হালনাগাদ ক্লিন সিআইবি রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে কমিশন কর্তৃক সম্মতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

একইসাথে, কোনো কোম্পানির স্বতন্ত্র পরিচালককে করপোরেট গভর্ন্যান্স কোড, ২০১৮-এর শর্ত নং 1(3)(d)-অনুযায়ী কোডের শর্ত নং 1(3)(b) ও 1(3)(c) এর কোন বিধান (যোগ্যতা ও অভিজ্ঞতা) হতে পূর্বে অব্যাহতি (Waiver/Relaxation) প্রদান করা হয়ে থাকলে, উক্ত স্বতন্ত্র পরিচালককে অন্য কোনো তালিকাভুক্ত কোম্পানিতে নতুন করে নিয়োগ অথবা সংশ্লিষ্ট কোম্পানিতে পুনঃনিয়োগের ক্ষেত্রে পূর্বে প্রদত্ত অব্যাহতি স্বয়ংক্রিয়ভাবে প্রযোজ্য হবে; অর্থাৎ পুনরায় অব্যাহতি গ্রহণ করতে হবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মোঃ আবুল কালাম

নির্বাহী পরিচালক ও মুখপাত্র

২৬/১০/২০২৬